

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

চিড়িয়াখানা রোড, মিরপুর-১

ঢাকা-১২১৬

www.bnh.gov.bd

নং-বান্যাহা-প্রশা(নিয়োগ)/২০১৭/৬২৫

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে (সরকারী বিধি মোতাবেক) প্রত্যেক পদের বিপরীতে উল্লেখিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার আলোকে নির্ধারিত বেতন স্কেলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল	শূন্য পদের সংখ্যা	পদের প্রকৃতি	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩		৪
১।	সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১৩ টা. ১১,০০০-২৬,৫৯০/-	১ (এক) টি	স্থায়ী	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য স্নাতক ডিগ্রী। প্রার্থীকে সাঁটলিপি ও কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে যথাক্রমে অন্যান্য বাংলায় ৫০ ও ২৫ শব্দের এবং ইংরেজিতে অন্যান্য ৮০ ও ৩০ শব্দের গতিসম্পন্ন হইতে হইবে।
২।	ক্যাশিয়ার/হিসাব সহকারী জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১৪ টা. ১০,২০০-২৪,৬৮০/-	১ (এক) টি	স্থায়ী	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যান্য স্নাতক ডিগ্রী।
৩।	এখনো বোটানী মিউজিয়াম টেকনিশিয়ান জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১৩ টা. ১১,০০০-২৬,৫৯০/-	১ (এক) টি	অস্থায়ী	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে উদ্ভিদবিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে অন্যান্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।

শর্তাবলি :

- ০১। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমটি www.bnh.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন ফরম স্বহস্তে পূরণ করতে হবে।
- ০২। দরখাস্ত আগামী ১০ জানুয়ারি ২০১৮ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, কক্ষ নং-২০১, মিরপুর-১, ঢাকা-১২১৬ বরাবরে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।
- ০৩। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :
 - (ক) আবেদনপত্রের খামের উপরে পদের নাম, নিজ জেলা এবং বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং প্রার্থীর ঠিকানা সম্বলিত ৯.৫×৪.৫ ইঞ্চি বিশিষ্ট ১টি খামের সাথে ৬ (ছয়) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিট সংযুক্ত করতে হবে;
 - (খ) পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর-১, ঢাকা-১২১৬ এর অনুকূলে ১-৪৫৩৭-০০০০-২৬৮১ কোড নম্বরে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নম্বর-১ হতে ৩ এ বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) জমা প্রদানপূর্বক ট্রেজারি চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে (ব্যাংক ড্রাফট/পে অর্ডার/ পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।
 - (গ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত প্রার্থীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গীন ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

- ০৪। সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকুরিতে নিয়োজিত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।
- ০৫। ১০ জানুয়ারি ২০১৮ তারিখে সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বছর। বয়স প্রমাণে এস.এস.সি বা সমমানের সনদ বিবেচনা করা হবে, এক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ০৬। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না।
- ০৭। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে।
- ০৮। নির্ধারিত তারিখ ও সময়ে প্রাপ্ত সকল আবেদনপত্র যাচাই-বাছাই পূর্বক শুধুমাত্র উপযুক্ত প্রার্থীদেরকে পরীক্ষার জন্য প্রবেশপত্র প্রদান করা হবে।
- ০৯। সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- ১০। লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- ১১। আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ বা মিথ্যা তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান বিধি-বিধান এবং কোটা পদ্ধতি অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
- ১৩। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বিজ্ঞপ্তি বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

হোসনে আরা
০৭/১২/২০১৭ ইং
(ড. হোসনে আরা)
পরিচালক
ফোন: ৯০০০৬৭৬।